

নম্বর: ০৫.৪২.০৩০৪.০০০.০২.০০৮.২০২৪-৩৯৯

তারিখ: ৩০ আষাঢ় ১৪৩১
১৪ জুলাই ২০২৪

বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ১৫ আগস্ট জাতীয় শোক দিবস-২০২৪ যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষ্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জীবন ও দর্শনকে উপজীব্য করে “আমার চোখে বঙ্গবন্ধু” বিষয়ে এক মিনিটব্যাপী ভিডিও চিত্র তৈরি করার জাতীয় প্রতিযোগিতা আয়োজন করা হয়েছে। প্রতিযোগিতায় রুমা উপজেলার সকল স্কুল-কলেজ ও তদূর্ধ্ব পর্যায়ের ছাত্র/ছাত্রীদের অংশগ্রহণের জন্য অনুরোধ করা হল। উল্লেখ্য যে, প্রতিযোগিতাটি ০৩(তিন)টি গ্রুপে (ক: প্রাথমিক ও সমপর্যায়, খ: মাধ্যমিক ও সমপর্যায় এবং গ: উচ্চ মাধ্যমিক ও সমপর্যায় এবং তদূর্ধ্ব) অনুষ্ঠিত হবে।

প্রতিযোগিতার নিয়মাবলি :

- ভিডিও ধারণের ক্ষেত্রে যেকোন মোবাইল ফোন বা ক্যামেরা নির্বাচন করা যেতে পারে;
- মোবাইলে ভিডিওটি ধারণের ক্ষেত্রে আড়াআড়িভাবে (১৬:৯ অনুপাত) করতে হবে;
- ভিডিও ধারণের সময় স্থির ভিডিও পেতে ট্রাইপড বা স্ট্যান্ড ব্যবহার করা সব থেকে সুবিধাজনক হবে;
- ভিডিও ধারণের সময় অপ্রয়োজনীয় শব্দ (নয়েজ) বাদ দিতে হবে;
- ভিডিওতে বক্তব্য স্পষ্ট হতে হবে;
- কপিরাইট রয়েছে এমন ভিডিও বা অডিও ব্যবহার থেকে বিরত থাকতে হবে;
- ভিডিওটির ব্যাপ্তি সর্বোচ্চ ১ মিনিট হতে হবে এবং বাংলা ভাষায় ভিডিও চিত্র নির্মাণ করতে হবে;
- ভিডিও সম্পাদনার সময় লক্ষ্য রাখতে হবে, যেন দর্শকের দৃষ্টিকোণ থেকে যথাযথভাবে ভিডিওটি উপস্থাপিত হয়;
- ভিডিওর মধ্যে প্রতিযোগীর নাম, শ্রেণি, প্রতিষ্ঠানের নাম, উপজেলার নাম এবং মোবাইল নম্বর দিতে হবে;
- দলীয় ভিডিওর ক্ষেত্রে সদস্য সংখ্যা ৫ জনের বেশি হতে পারবে না। এক্ষেত্রে পুরস্কারের অর্থ সমহারে সদস্যদের মাঝে বন্টন করা হবে;
- ভিডিও প্রস্তুত করে মেইল (unoruma@mopa.gov.bd)/পেন ড্রাইভ/ড্রাইভ লিংকের মাধ্যমে ১৪ আগস্ট ২০২৪ তারিখের মধ্যে উপজেলা নির্বাহী অফিসার-এর নিকট প্রেরণ করতে হবে। এক্ষেত্রে ড্রাইভ লিংকের এক্সেস পাবলিক ভিউ থাকতে হবে;
- ভিডিও নির্মাণ সংক্রান্ত যেকোন পরামর্শ বা সহযোগিতা পেতে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে যোগাযোগ করা যেতে পারে;
- YouTube Link- www.youtube.com/@AmarChokhe_Bangabandhu এ নমুনা ভিডিও আপলোড করা আছে। লিংক থেকে ধারণা নেয়া যাবে, তবে ইউটিউবে আপলোড করা ভিডিওর প্রতিরূপ তৈরি করা থেকে বিরত থাকতে হবে।

অনুরোধক্রমে

মোহাম্মদ আতিকুর রহমান
উপজেলা নির্বাহী অফিসার
রুমা, বান্দরবান পার্বত্য জেলা
ফোন: ০১৮৯৪৯৫০৩০০

ই-মেইল: unoruma@mopa.gov.bd